দৈনিক খবর

তারিখ ... 31 DEC 1990
পৃষ্ঠা ... কলাম ... ৩

10

## নজরানা শিক্ষা ট্রাস্টের বৃত্তি প্রদানের সিদ্ধান্ত

কমলগঞ্জ (মৌলভীবাজার), ৩০শে ডিসেম্বর, নিজস্ব সংবাদদাতা।– নজরানা শিক্ষা ট্রাস্টের এক সভা ট্রাস্টের সলিম বাজারস্থ কার্যালয়ে সম্প্রতি এম এ গনির সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

সভায় বক্তব্য রাখেন অধ্যাপক সৈয়দ মুজিবুর রহমান, অধ্যক্ষ রসময় মোহান্ত, মফিজ আলী, আহমেদ সিরাজ, সিরাজুল ইসলাম প্রমুখ। সভায় কমলগঞ্জ উপজেলার পাঁচটি শিক্ষা প্রতিষ্ঠানের ২০ জন ছাত্র-ছাত্রীকে ১৯৯০ সালের বৃত্তি প্রদান করার চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হয় এবং আগামী বছরের ২৩শে জানুয়ারী কমলগঞ্জের প্রবীণ শিক্ষক বাবু নরেন্দ্র দত্তকে গণসম্বর্ধনা দেয়ারও সিদ্ধান্ত নেয়া হয়।

উল্লেখ্য, ১৯৮৩ সালে আওয়ামী লীগ নেতা তৎকালীন জাতীয় সংসদ সদস্য মরহুম মোহাম্মদ ইলিয়াসের ঐকান্তিক প্রচেষ্টায় এ শিক্ষা ট্রাস্ট স্থাপিত হয়।